# করগাঁও জয়কালী মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ
ইটনা, কিশোরগঞ্জ।

## বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা করগাঁও জয়কালী মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, ইটনা, কিশোরগঞ্জ এর সকল সদস্যগণকে জানানো যাইতেছে যে, আগামী ১৫/১০/২০২৪ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকা হইতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত সমিতির অফিসে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হইবে। উক্ত বার্ষিক সাধারণ সভায় সকলকে যথা সময়ে ও স্থানে উপস্থিত থাকিয়া প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহনের জন্য অনুরোধ করা হইল।

-ঃ আলোচ্য সূচী ঃ-

ক) বার্ষিক সাধারণ সভার সভাপতি নির্বাচন।
খ) বিগত বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ;
গ) ব্যবস্থাপনা কমিটির ২০২৩-২০২৪ সনের কার্যক্রমের উপর বাৎসরিক রিপোর্ট পর্যালোচনা ও অনুমোদন;
ঘ) ২০২৩-২০২৪ সনের বার্ষিক হিসাব বিবরণী পর্যালোচনা ও অনুমোদন ;
ঙ) ৩০ জুন,২০২৪ তারিখের উদ্ধৃত্তপত্র ও নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও নিরীক্ষা প্রতিবেদনে উল্লেখিত ত্রুটি, বিচ্যুতি সমূহের সংশোধনী প্রতিবেদন নিবন্ধক মহোদয় বরাবরে প্রেরনের জন্য পরিপালন পত্র অনুমোদন;
চ) ২০২৪-২০২৫ সনের আর্থিক বৎসরের জন্য প্রাক্কলিত বাজেট পর্যালোচনা ও অনুমোদন;
ছ) ২০২৪-২০২৫ সনে সমিতির প্রয়োজনে ঋণ গ্রহণের সর্বোচ্চ সীমা নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ;
জ) সমিতির ইজারাকৃত জলমহালের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;
ঝ) সমিতির সদস্যদের সঞ্চয় আমানত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;
ঞ) উপস্থিত সংখ্যাগরিষ্ঠ প্রতিনিধিদের সমর্থিত ও সভাপতির অনুমতিক্রমে যে কোন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

ব্যবস্থাপনা কমিটির পক্ষে

তারিখ ঃ ০১/১০/২০২৪ খ্রিঃ।

(হরিপদ দাস)
সম্পাদক
করগাঁও জয়কালী মৎস্যজীবি
সমবায় সমিতি লিঃ
ইটনা, কিশোরগঞ্জ।

অনুলিপি প্রেরণ করা হইল ঃ

১।জনাব............,পিতা-...............,সদস্য, করগাঁও জয়কালী মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ ।
২। উপজেলা সমবায় অফিসার, ইটনা, কিশোরগঞ্জ।
৩। জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ।

# করঞ্জা জয়কালী মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ এর
# বার্ষিক সাধারণ সভার কার্য বিবরণী

সভার স্থান ঃ সমিতির অফিস কক্ষ।
তারিখ ঃ ১৫/১০/২০২৪ খ্রিঃ
সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | সদস্যের নাম | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | জনাব অবিনাশ দাস | |
| ২ | জনাব হরিপদ দাস | |
| ৩ | জনাব প্রদীপ চন্দ্র দাস | |
| ৪ | জনাব সুশান্ত দাস | |
| ৫ | জনাব মিঠু দাস | |
| ৬ | জনাব সুব্রত দাস | |
| ৭ | জনাব রনজিত দাস | |
| ৮ | জনাব সুরঞ্জিত দাস | |
| ৯ | জনাব জনি চন্দ্র দাস | |
| ১০ | জনাব নির্মল চন্দ্র দাস | |
| ১১ | জনাব তাপস চন্দ্র দাস | |
| ১২ | জনাব অসিম চন্দ্র দাস | |
| ১৩ | জনাব পানিলাল দাস | |
| ১৪ | জনাব যতীন্দ্র চন্দ্র দাস | |
| ১৫ | জনাব জয়দেব দাস | |
| ১৬ | জনাব হরিলাল দাস | |

করঞ্জা জয়কালী মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ,এর অদ্যকার বার্ষিক সাধারণ সভায় কোরাম সংখ্যক সদস্য উপস্থিত হওয়ায় সমর্থনক্রমে জনাব অবিনাশ দাস কে অদ্যকার সভার সভাপতি নির্বাচন করা হয়। অতঃপর তিনি সভাপতির আসন গ্রহণ করে আলোচ্য সূচী মোতাবেক সভার কার্যপরিচালনার জন্য সম্পাদককে অনুরোধ করেন।

১। অদ্যকার সভায় সমিতির সম্পাদক সাহেব বিগত বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদনের লক্ষ্যে উহা বিস্তারিতভাবে পাঠ করে শুনান এবং উক্ত কার্যবিবরনীর উপর কারো কোনো প্রকার আপত্তি থাকলে তা উত্থাপনের অনুরোধ করেন। আলোচনান্তে উক্ত কার্যবিবরণীর উপর কারো কোনো প্রকার আপত্তি না থাকায় সকলেই উহা অনুমোদনের পক্ষে মতামত ব্যক্ত করেন। সেমতে সর্ব সম্মতি ক্রমে বিগত বার্ষিক সাধারণ সভার কার্যবিবরনী অনুমোদিত হয়।

২। আলোচ্য সূচী মোতাবেক সম্পাদক সাহেব সমিতির ২০২৩-২৪ অর্থ বছরে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত ও সম্পাদিত কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন পাঠ করে শুনান। উক্ত প্রতিবেদন বিষয়ে কারো কোন প্রকার আপত্তি থাকলে তা উপস্থাপনের অনুরোধসহ উপস্থাপিত কার্যক্রম অনুমোদনের জন্য প্রস্তাব করেন। ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত ও সম্পাদিত ২০২৩-২৪ সনের কার্যক্রমের বিষয়ে আইন ও বিধিগত অনিয়ম পরিলক্ষিত না হওয়ায় এবং কোন আপত্তি সভায় উত্থাপিত না হওয়ায় সর্বসম্মতিক্রমে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০২৩-২৪ সনের গৃহীত ও সম্পাদিত কার্যক্রমের প্রতিবেদন এবং কার্যক্রম সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

৩। আলোচ্য সূচী মোতাবেক সম্পাদক সাহেব ২০২৩-২৪ সনের জমা-খরচ হিসাব বিবেচনা ও অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন এবং উপস্থাপিত হিসাবের উপর প্রয়োজনীয় ব্যাখ্যামূলক বক্তব্য প্রদান করেন। সভায় উপস্থাপিত হিসাব বিবরণী ও উহার প্রেক্ষিতে সম্পাদক কর্তৃক খাত ভিত্তিক প্রদত্ত বক্তব্যের আলোকে বিশদ আলোচনা ও পর্যালোচনা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সমবায় সমিতি আইন, বিধিমালা ও সমিতির উপ-আইনের বিধান সাপেক্ষে উক্ত হিসাব বিবরণী বিবেচনা পূর্বক গৃহীত ও অনুমোদিত হয়।

৪। আলোচ্য সূচী মোতাবেক সম্পাদক সাহেব ৩০জুন,২০২৪ তারিখের উদ্বৃত্তপত্র সভায় উপস্থাপন করে খাত ভিত্তিক প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান করেন। অতঃপর তিনি পর্যালোচনার জন্য ২০২৩-২৪ সনের নিরীক্ষা প্রতিবেদন উপস্থাপন করে সকলকে পাঠ করে শুনান। সভায় উপস্থাপিত ৩০জুন,২০২৪ সনের উদ্বৃত্তপত্র ও ২০২৩-২৪ সনের নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনার লক্ষ্যে উপস্থিত সদস্যদের মধ্যে বেশ ক'জন সদস্য আলোচনায় অংশ গ্রহণ করেন। আলোচনা কালে নিরীক্ষিত উদ্বৃত্তপত্রের বিষয়ে কারো কোন প্রকার আপত্তি না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অত্র সমিতির ৩০জুন,২০২৪ তারিখের উদ্বৃত্তপত্র অনুমোদিত হয় এবং নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত আপত্তি, প্রদত্ত পরামর্শ

ও উপদেশ আইন, বিধি ও উপ-আইনের বিধান মোতাবেক নিরসন ও বাস্তবায়ন সাপেক্ষে উপস্থাপিত নিরীক্ষা প্রতিবেদন বিবেচিত হইল। অতপর উপস্থাপিত সংশোধনী বিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হইল এবং উহা যথাযথ কর্তৃপক্ষ বরাবর দাখিল করার জন্য সভাপতিকে অনুরোধ করা হলো।

৫। সমিতির সম্পাদক সাহেব সমিতির ২০২৪-২৫ সনের প্রস্তাবিত বাজেট প্রাক্কলনের খসড়া উপস্থাপন করে খাতওয়ারী ব্যাখ্যা প্রদান করেন। সভায় উপস্থাপিত ২০২৪-২৫ সনের প্রস্তাবিত বাজেট প্রাক্কলনের খসড়া প্রস্তাবনার উপর উপস্থিত সদস্যদের মধ্য থেকে বেশ ক'জন সদস্য আলোচনায় অংশ গ্রহণ করেন। আলোচনাকালে প্রস্তাবনা বিচার বিশ্লেষণ পূর্বক সমিতির কার্যক্রম আইনানুগভাবে পরিচালনার লক্ষ্যে উক্ত প্রস্তাবিত বাজেট প্রস্তাবনা সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

৬। অদ্যকার সভায় সম্পাদক সাহেব ২০২৪-২৫ অর্থ বছরে নিম্মোক্ত খাতের পার্শে বর্ণিত অংকের টাকা ঋণ/আমানত গ্রহন করে সমবায় সমিতি আইন, বিধিমালা ও অত্র সমিতির উপ-আইনের বিধান মোতাবেক ব্যয় নির্বাহের শর্তে ব্যবস্থাপনা কমিটিকে ঋণ/আমানত গ্রহণের সর্বোচ্চ সীমা নির্ধারনের জন্য সদস্য হতে ঋণ/আমানত গ্রহণের প্রস্তাব করেন। ঋণ/আমানত গ্রহণের সর্বোচ্চ সীমা নির্ধারণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় আলোচনান্তে সমিতির সর্বোচ্চ ১,৫০,০০০/- টাকা ঋণ/আমানত গ্রহণের ক্ষমতা প্রদানের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

৭। সমিতির সম্পাদক সাহেব বলেন যেসকল সদস্য নিয়মিতভাবে সঞ্চয় আমানত জমা প্রদান করেনা সে সকল সদস্যদের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের প্রস্তাব পেশ করেন। সভায় বিস্তারিতভাবে আলোচনা ও পর্যালোচনা করা হয়। আলোচনান্তে কোন সদস্য নিয়মিতভাবে সঞ্চয় আমানত জমা প্রদান না করলে সংশ্লিষ্ট সদস্যদের সদস্য পদ সাময়িক ভাবে স্থগিত/বাতিল করার হবে মর্মে সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ব্যবস্থাপনা কমিটিকে ক্ষমতা প্রদান করা হলো।

৮। অদ্যকার সভায় সম্পাদক সাহেব সমিতির ইজারাকৃত জলমহালের বিস্তারিত বিবরণ তুলে ধরেন এবং উক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। উপস্থাপিত প্রস্তাব মোতাবেক সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে সমবায় সমিতি আইন, বিধিমালা ও অত্র সমিতির উপ-আইনের বিধান মোতাবেক সমিতির ইজারাকৃত জলমহালের ইজারা মূল্য যথা সময়ে পরিশোধ করার বিষয়ে এবং মৎস্য আহরণ ও বিক্রয়ের বিষয়ে যথার্থ পদক্ষেপ নিতে ব্যবস্থাপনা কমিটিকে ক্ষমতা প্রদানের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সমাপনি বক্তব্য রাখেন এবং সকলকে শুভেচ্ছা জানিয়ে অদ্যকার বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি
করধ্বা জয়কালী মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ
ইটনা, কিশোরগঞ্জ।